

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫

স্মারক নং-১২.০২.০০০০.০২৩.১৬.০০২.২০১২-

তারিখ: ২৬/০৮/২০১৭খ্রিঃ

বিষয়: আলুর উৎপাদন, বিপণন, সংরক্ষণ পরিস্থিতির উপর সার্বিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস কর্তৃক প্রেরিত তথ্যের ভিত্তিতে আলুর উৎপাদন, বিপণন, ও সংরক্ষণ পরিস্থিতির উপর একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(মো: মাহবুব আরমেদ)

মহাপরিচালক

ফোন: ৯১১৪৩১০

E-mail: dg@dam.gov.bd

সি: সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আলুর উৎপাদন, বিপণন, সংরক্ষণ পরিস্থিতির উপর সার্বিক প্রতিবেদন।

বাংলাদেশ মূলত কৃষি ভিত্তিক একটি দেশ। আলু একটি জনপ্রিয় কন্দাল জাতীয় ফসল এবং বাংলাদেশের গুরুত্বপূর্ণ সবজি। সারা বছরের জন্য এটি সবজি হিসাবে ব্যবহার করা বাংলাদেশের মাটি ও আবহাওয়া গোল আলু চাষের জন্য বেশি উপযোগী। খান ও গমের পরেই বিশ্বে আলু একটি গুরুত্বপূর্ণ ও নেতৃস্থানীয় প্রধান ফসল। স্বাস্থ্য সুরক্ষার জন্য ভাতের পরিবর্তে সকলের পরিমিত পরিমাণ আলু খাওয়া প্রয়োজন। বিশ্বের ৪০টি উন্নত দেশে আলু অন্যতম প্রধান খাদ্য হিসাবে পরিচিত। খাদ্য নিরাপত্তায় এবং দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার ক্যালরি সরবরাহে আলু একটি সম্ভা ও সহজলভ্য ফসল।

১। আলুর উৎপাদন পরিস্থিতিঃ- অনুকূল আবহাওয়া ও রাসায়নিক সার পর্যাপ্ত থাকায় প্রতি বছর আলু উৎপাদন বৃদ্ধি পেয়েছে। গত বছরের তুলনায় এ বছর আলু উৎপাদনে জমির পরিমাণও বৃদ্ধি পেয়েছে। আলু চাষে আবাদী জমির পরিমাণ ও উৎপাদনের পরিমাণ সংক্রান্ত তথ্য নিম্নে দেয়া। সময়ের সাথে সাথে আলুর উৎপাদন উর্ধ্বমুখী।

নিম্নে ২০১৪- ২০১৫ হতে ২০১৬-২০১৭ অর্থ বছরে আলু চাষে আবাদী জমির পরিমাণ, উৎপাদনের পরিমাণ ও গড় উৎপাদন

| সন | জমির পরিমাণ (লক্ষ মেঃ টন/ হেক্টরে) | উৎপাদিত আলুর পরিমাণ (লক্ষ মেঃ টন) | গড় উৎপাদন(লক্ষ মেঃ টন/ হেক্টরে) |
|-----------|------------------------------------|-----------------------------------|----------------------------------|
| ২০১৪-২০১৫ | ৪.৭৬ | ৯৪.৫৪ | ১৯.৮৬ |
| ২০১৫-২০১৬ | ৪.৯৬ | ১০৩.০৪ | ২০.৭৭ |
| ২০১৬-২০১৭ | ৫.২৮ | ১১৩.৩৩ | ২১.৪৬ |

সূত্রঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে।

২। আলু ফসলের বাৎসরিক মূল্য হ্রাস বৃদ্ধি

| পণ্যের নাম | ২০১৫ (টাকা/ কুইন্টাল) | | ২০১৬ (টাকা/ কুইন্টাল) | | বাৎসরিক মূল্য হ্রাস বৃদ্ধি (টাকা/ কুইন্টাল) | | শতকরা হারে হ্রাস বৃদ্ধি(%) | |
|-------------------|--------------------------|-------|--------------------------|-------|---|-------|-------------------------------|-------|
| | পাইকারী | খুচরা | পাইকারী | খুচরা | পাইকারী | খুচরা | পাইকারী | খুচরা |
| আলু-স্থানীয় | ২০৮৩ | ২৪.১৩ | ২০১৮ | ২৩.৩০ | ৬৫.০০ | ০.৮৩ | ৩.২২% | ৩.৫৬% |
| আলু-হল্যান্ড সাদা | ১৫৯৯ | ১৮.৯৮ | ১৬৯৩ | ১৯.৯৬ | -৯৪.০০ | -০.৯৮ | -৫.৫৫% | ৪.৯১% |
| আলু-হল্যান্ড লাল | ১৭৫১ | ২০.২৪ | ১৭০৮ | ১৯.৭৮ | ৪৩.০০ | ০.৪৬ | ২.৫২% | ২.৩৩% |

৬। আলু ফসলের উৎপাদন খরচ

| বছর | পণ্যের নাম | উৎপাদন খরচ (কেজি/ টাকা) |
|-----------|------------|-------------------------|
| ২০১৬-২০১৭ | আলু | ৭.৪০ |

২০১৫- ২০১৬ অর্থ বছরে আলুর উৎপাদন ব্যয় কেজি প্রতি ৭.৪০ টাকা। উৎপাদন ব্যয়ের সাথে বিপণন ব্যয় ও মুনাফা যোগ করে কৃষক পর্যায়ে যৌক্তিক মূল্য কেজি প্রতি (১৫-২০% লভ্যাংশসহ) ৮.৫০ - ৯.০০ টাকা পাইকারী পর্যায়ে যৌক্তিক মূল্য কেজি প্রতি (১৩-২০% লভ্যাংশসহ) ১০.০০ - ১১.০০ টাকা ও খুচরা পর্যায়ে যৌক্তিক মূল্য কেজি প্রতি (২০-২৫% লভ্যাংশসহ) ১২.০০ - ১৪.০০ টাকা।

